



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর  
BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

www.brur.ac.bd

স্মারক নং- বেরোবি/রেজি:/২৮৮৪

তারিখঃ ১০ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত শিক্ষার্থীদের মূল কাগজপত্র স্থানান্তর বিজ্ঞপ্তি

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর ২০২৩-২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ১ম বর্ষে প্রাথমিক ও চূড়ান্ত ভর্তিকৃত সংশ্লিষ্ট শিক্ষার্থীদের মূল নম্বরপত্র জমাদান ও উত্তোলনের বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

এসএসসি/সম্মান ও এইচএসসি/সম্মান পরীক্ষার মূল নম্বরপত্র জমাদান ও উত্তোলনের তারিখ ও সময় :

তারিখ : ১০/১২/২০২৪ তারিখ হতে ১২/১২/২০২৪ এবং ১৫/১২/২০২৪ হতে ১৭/১২/২০২৪ তারিখ পর্যন্ত

সময় : সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত।

স্থান : প্রাথমিক ভর্তিকৃত ও চূড়ান্ত ভর্তিকৃত সংশ্লিষ্ট বিভাগ।

এই বিশ্ববিদ্যালয় হতে নম্বরপত্র উত্তোলনের ক্ষেত্রে প্রযোজ্য:

- (১) শিক্ষার্থীদের সশরীরে উপস্থিত হয়ে প্রাথমিক ভর্তিকৃত বিভাগে Acknowledgement slip for Submitted Original Documents এর কপিতে বিভাগে মূল নম্বরপত্র আছে উল্লেখ পূর্বক স্বাক্ষর নিতে হবে এবং উক্ত স্বাক্ষরিত কপিসহ প্রশাসনিক ভবনের সিডিটি অফিসে (৩য় তলা ৩১০ নম্বর কক্ষ) এসে অনলাইনে Transfer Documents এর অনলাইন কপি সংগ্রহ করতে হবে। উক্ত অনলাইন কপি সংগ্রহ পূর্বক সংশ্লিষ্ট বিভাগীয় অফিসে জমা প্রদান পূর্বক মূল নম্বরপত্র গ্রহণ করা যাবে।
- (২) মূল নম্বরপত্র উত্তোলনের সময় Acknowledgement slip for Submitted Original Documents এর মূল কপি সঙ্গে আনতে হবে।
- (৩) এই বিশ্ববিদ্যালয়ে যে সকল শিক্ষার্থী প্রাথমিক ভর্তি হয়েছে কিন্তু চূড়ান্ত ভর্তি হয়নি সে সকল শিক্ষার্থীকে সার্ভিস ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা ব্যাংক রশিদের মাধ্যমে ব্যাংকে জমা প্রদান করতে হবে।

এই বিশ্ববিদ্যালয়ে মূল নম্বরপত্র জমা দানের ক্ষেত্রে প্রযোজ্য:

- (১) অন্য বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তিকৃত কিন্তু এই বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রাথমিক ভর্তিকৃত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি/সম্মান এবং এইচএসসি/সম্মান পরীক্ষা পাশের মূল নম্বরপত্র নিয়ে এসে সশরীরে সংশ্লিষ্ট বিভাগে জমা প্রদান করবেন। বিভাগে মূল নম্বরপত্র জমা প্রদানের পর Acknowledgement slip for Submitted Original Documents কপিতে সংশ্লিষ্ট বিভাগের স্বাক্ষর গ্রহণ পূর্বক উক্ত স্বাক্ষরিত কপিসহ প্রশাসনিক ভবনের সিডিটি অফিসে (৩য় তলা ৩১০ নম্বর কক্ষ) এসে অনলাইনে Accept Transferred Docs এর অনলাইন কপি সংগ্রহ করতে হবে।
- (২) চূড়ান্ত ভর্তি সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র বিভাগে জমা আছে কিনা তা নিশ্চিত হতে হবে।
- (৩) এই বিশ্ববিদ্যালয়ে এক বিভাগে প্রাথমিক ভর্তিকৃত কিন্তু মাইগ্রেশনের মাধ্যমে অন্য বিভাগে চূড়ান্ত ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রাথমিক ভর্তিকৃত বিভাগ হতে সশরীরে উপস্থিত হয়ে নম্বরপত্র উত্তোলন করে চূড়ান্ত ভর্তিকৃত বিভাগে জমা প্রদান করতে হবে। বর্তমান বিভাগে মূল নম্বরপত্র জমা প্রদানের পর Acknowledgement slip for Submitted Original Documents কপিতে সংশ্লিষ্ট বিভাগের স্বাক্ষর গ্রহণ পূর্বক উক্ত স্বাক্ষরিত কপিসহ প্রশাসনিক ভবনের সিডিটি অফিসে (৩য় তলা ৩১০ নম্বর কক্ষ) এসে অনলাইনে Accept Transferred Docs এর অনলাইন কপি সংগ্রহ করতে হবে।

যে সকল শিক্ষার্থী উল্লিখিত সময়ের মধ্যে মূল নম্বরপত্র জমা প্রদান করবেন না তাদের ভর্তি বাতিল বলে গণ্য হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-



ড. মোঃ হারুন-অর-রশিদ

রেজিস্ট্রার

ও

সদস্য-সচিব

GST গুচ্ছভুক্ত ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি

শিক্ষাবর্ষ : ২০২৩-২৪

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।